গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
চটগ্রাম

স্মারক নং-৩৭.০২.১৫০০.০০০.৫৯.১১০.২৩

তারিখ : ১৫ মাঘ ১৪২৯
২৯ জানুয়ারী ২০২৩ খ্রি.

বিষয় : পাঠ্যপুস্তকের তথ্য সংশোধন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছে পৌছানোর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : মহাপরিচালক ,মাউশি,ঢাকার স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.১৬ ( অংশ-১) - ১৬৮, তারিখ : ২৬/০১/২০২৩ খ্রি.

পত্রের মর্মানুযায়ী দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান,শিক্ষক,শিক্ষার্থী এবং অভিভাবকদেও কাছে পৌছানোর ব্যবস্থা গ্রহণ এবং মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয় অতীব জরুরী

(মুহাম্মদ ফরিদুল আলম হোসাইনী)
জেলা শিক্ষা অফিসার
চট্টগ্রাম।
☎ ০২৩৩৪৪১৯২৪৮
✉ deochittagong@yahoo.com

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
চট্টগ্রাম।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,বাংলাদেশ,ঢাকা।
২। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,চট্টগ্রাম অঞ্চল,চট্টগ্রাম।
৩। অফিস কপি।

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

স্মারক নং-৩৭.০৬.০০০০.৩০১.০৬.১৭১.২১/ ১৪৭ তারিখ: ২৫/০১/২০২৩

বিষয় : পাঠ্যপুস্তকের তথ্য সংশোধন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছে পৌছানোর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত কয়েকটি পাঠ্যপুস্তকের তথ্যে ভুল পরিলক্ষিত হয়। উক্ত ভুলসমূহের সংশোধনী (সংযুক্ত) এনসিটিবি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। একইসঙ্গে তা দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের কাছে পৌছানোর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের অবহিত করা এবং মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে বিনীতভাবে অনুরোধ করা হলো।

২৫/১/২০২৩

(প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম)
চেয়ারম্যান
ফোন নম্বর: ২২৩৩-৮৫৪৩২

প্রাপক:
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ঢাকা-১০০০।

স্মারক নং-৩৭.০৬.০০০০.৩০১.০৬.১৭১.২১/ ১৪৭(১)/১২ তারিখ: ২৫/০১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪-৭. সদস্য (অর্থ/পাঠ্যপুস্তক/শিক্ষাক্রম/প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি
৮-৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/প্রধান সম্পাদক, এনসিটিবি
১০. পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি
১১. পি এ টু সচিব, এনসিটিবি
১২. সংরক্ষণ নথি

২৫/০১/২৩

(এস.এম. দেলোয়ার হোসেন)
উপসচিব (প্রশাসন)
ফোন নম্বর: ০২-২২৩৩৮২৫৮৬

২০২৩ শিক্ষাবর্ষে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত নিম্নলিখিত পাঠ্যপুস্তকে যেসব ভুল পরিলক্ষিত হয়েছে তার সংশোধন করা হলো, যা শিক্ষকগণ পাঠ পরিচালনার সময়ে শিক্ষার্থীর পাঠ্যপুস্তকে পরিমার্জনের ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দকে এনসিটিবি'র ওয়েবসাইট থেকে ভুলসমূহ সংশোধন করে নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, শ্রেণি: নবম-দশম**

| ক্রমিক | পৃষ্ঠা | পাঠ্যপুস্তকে যা আছে | পাঠ্যপুস্তকে যা হবে |
|---|---|---|---|
| ০১ | ১৮১ | ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর বাংলাদেশ জুড়ে পাকিস্তান সামরিক বাহিনী নির্যাতন, গণহত্যা আর ধ্বংসলীলায় মেতে ওঠে। | ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর বাংলাদেশ জুড়ে পাকিস্তান সামরিক বাহিনী নির্যাতন, গণহত্যা আর ধ্বংসলীলায় মেতে ওঠে। |
| ০২ | ২০০ | ১২ জানুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েমের কাছে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন। | ১২ জানুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, রাষ্ট্রপতি আবু সাঈদ চৌধুরীর কাছে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন। |
| ০৩ | ২০২ | সংবিধান প্রণয়ন ১৯৭২ এর পটভূমি অংশের প্রথম অনুচ্ছেদের পরে যুক্ত হবে... | সংবিধান প্রণয়ন ১৯৭২ এর পটভূমি অংশের প্রথম অনুচ্ছেদের পর যুক্ত হবে... 'সংবিধান প্রণয়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শিক অবস্থান প্রতিফলিত হয়েছিল। সংবিধান প্রণয়নের ক্ষেত্রে বঙ্গবন্ধুর সার্বক্ষণিক দিক-নির্দেশনা ছিল। তিনি সংবিধান কমিটিকে বিভিন্ন মৌলিক বিষয়ে প্রত্যক্ষ নির্দেশনা দিয়েছিলেন'। |
| ০৪ | ২০৩ | পঞ্চমভাগে জাতীয় সংসদ | ষষ্ঠ লাইনে 'পঞ্চমভাগে আইনসভা'। |

**বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়, শ্রেণি: নবম-দশম**

| ক্রমিক | পৃষ্ঠা | পাঠ্যপুস্তকে যা আছে | পাঠ্যপুস্তকে যা হবে |
|---|---|---|---|
| ০১ | ০৬ | ৫৪ সালের নির্বাচনে ৪টি দল নিয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়। দল চারটি হলো-আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম ও গণতন্ত্রী দল। | ৫৪ সালের নির্বাচনে ৫টি দল নিয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়। দল পাঁচটি হলো- আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম, গণতন্ত্রী দল ও পাকিস্তান খেলাফতে রব্বানী পার্টি। |
| ০২ | ১৬ | ঢাকার রাজারবাগ পুলিশ ক্যাম্প ও পিলখানা ইপিআর ক্যাম্প | রাজারবাগ পুলিশ লাইন্স ও পিলখানা ইপিআর সদর দপ্তর |
| ০৩ | ২৮ | সাধারণ মানুষের মৌলিক অধিকার সংরক্ষণ এ সংবিধানের প্রধান বৈশিষ্ট্য। | সাধারণ মানুষের মৌলিক মানবাধিকার সংরক্ষণ এ সংবিধানের বৈশিষ্ট্য। |

**বিষয়: পৌরনীতি ও নাগরিকতা, শ্রেণি: নবম-দশম**

| ক্রমিক | পৃষ্ঠা | পাঠ্যপুস্তকে যা আছে | পাঠ্যপুস্তকে যা হবে |
|---|---|---|---|
| ০১ | ৫৭ | 'রাষ্ট্রপতির ক্ষমতা ও কাজ' এর ১ ক্রমিক এর অনুচ্ছেদে প্রতিস্থাপিত হবে... | 'রাষ্ট্রপতির ক্ষমতা ও কাজ' এর ১ ক্রমিক এর অনুচ্ছেদে প্রতিস্থাপিত হবে... 'রাষ্ট্রপতি রাষ্ট্রের প্রধান। সরকারের সকল শাসনসংক্রান্ত কাজ তাঁর নামে পরিচালিত হয়। তিনি প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত তাঁর সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ পরিচালনা করেন। তিনি মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদের নিয়োগ করেন। রাষ্ট্রের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের (মহা হিসাবরক্ষক, রাষ্ট্রদূত ও অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তা) নিয়োগের দায়িত্বও রাষ্ট্রপতির। প্রতিরক্ষা কর্ম বিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত। তিন বাহিনীর (সেনা, বিমান ও নৌবাহিনী) প্রধানদের তিনিই নিয়োগ দেন। |
| ০২ | ৫৯ | 'প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কাজ'-১ ক্রমিকের অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হবে... | 'প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কাজ'-১ ক্রমিকের অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হবে... 'প্রধানমন্ত্রী মন্ত্রিপরিষদের প্রধান। প্রধানমন্ত্রীর কর্তৃত্বে সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রয়োগ করা হয়। তিনি মন্ত্রিসভার সদস্যসংখ্যা নির্ধারণ করেন ও মন্ত্রীদের মধ্যে দপ্তর বণ্টন করেন। তিনি যেকোনো মন্ত্রীকে তাঁর পদ থেকে অপসারণের পরামর্শ দিতে পারেন'। |

১৮.০১.২০২৩

(অধ্যাপক ড. সন্তোষ কুমার ঢালী)
প্রধান সম্পাদক
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.১৬(অংশ-১)- ৯৬৮ তারিখ : ২৬/০১/২০২৩খ্রি.

উপরোল্লিখিত পত্রের মর্মানুযায়ী দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের কাছে পৌছানোর ব্যবস্থা গ্রহণ এবং মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

26/01/2023

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮

**বিতরণ:**

১। জেলা শিক্ষা অফিসার, সকল
২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক ১ ও ২)]
২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। সভাপতি, ম্যানেজিং কমিটি,...............................................................
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.......................................................................
৮। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০। সংরক্ষণ নথি